

## স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ সুন্নত ও নফল নামায রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## সুন্নাতে মুআক্লাদাহ বা রাতেবাহ্

সুন্নাতে মুআক্কাদাহ সেই সুন্নত নামায, যা মহানবী (ﷺ) ফরয নামাযের আগে-পিছে নিজে পড়েছেন এবং উম্মতকে পড়তে তাকীদ, উদ্বৃদ্ধ ও অনুপ্রাণিত করেছেন।

আল্লাহর রসূল (ﷺ) বলেন, "যে কোন মুসলিম বান্দা প্রত্যহ্ আল্লাহ তাআলার উদ্দেশ্যে বারো রাকআত নফল (ফরয ব্যতীত সুন্নত) নামায পড়লেই আল্লাহ তাআলা জান্নাতে তার জন্য এক গৃহ্ নির্মাণ করেন। অথবা তার জন্য জান্নাতে এক ঘর নির্মাণ করা হয়।" (মুসলিম, সহীহ ৭২৮নং, আবৃদাউদ, সুনান, নাসাঈ, সুনান, তিরমিয়ী, সুনান) তিরমিয়ীর বর্ণনায় কিছু শব্দ অধিক রয়েছে, "(ঐ বারো রাকআত নামায;) যোহরের (ফরযের) পূর্বে চার রাকআত ও পরে দুই রাকআত, মাগরেবের পরে দুই রাকআত, এশার পরে দুই রাকআত, আর ফজরের (ফরয নামাযের) পূর্বে দুই রাকআত।"

হযরত আয়েশা رضي الله عنها হতে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রসূল (ﷺ) বলেছেন, "যে ব্যক্তি নিয়মনিষ্ঠভাবে দিবারাত্রে বারো রাকআত নামায পড়বে সে জান্নাতে প্রবেশ করবে; যোহরের (ফরয নামাযের) পূর্বে চার রাকআত ও পরে দুই রাকআত, মাগরেবের পর দুই রাকআত, এশার পর দুই রাকআত এবং ফজরের (ফরযের) পূর্বে দুই রাকআত।" (নাসাঈ, সুনান, এবং শব্দগুলি তাঁরই, তিরমিয়ী, সুনান, ইবনে মাজাহ, সুনান, সহিহ তারগিব ৫৭৭নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=3014

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন